

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 20-12-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বাংলাদেশে অশান্তির পরিপ্রেক্ষিতে রাজ্যের সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে।
- (২) যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন, নেশাসক্তদের সঠিক চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে রাজ্য সরকার রাজ্যের প্রতিটি জেলায় একটি করে হাসপাতাল স্থাপন করছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গ ও আসামে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করেন।
- (৪) তিনদিনব্যাপি অমরপুর মহকুমা ভিত্তিক ভবগান বিরসা মুন্ডা আন্তঃ হোস্টেল ফুটবল টুর্নামেন্ট আজ থেকে গোমতি জেলার অমরপুরে শুরু হয়েছে।

\*\*\*\*\*

**CM-Bangladesh :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বাংলাদেশে অশান্তির পরিপ্রেক্ষিতে রাজ্যের সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে। আজ আগরতলা প্রজ্ঞা ভবনে পুলিশের পদস্থ আধিকারিকদের সঙ্গে রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে পর্যালোচনা বৈঠকের পর মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন বাংলাদেশের ঘটনাবলির পরিপ্রেক্ষিতে রাজ্যে যাতে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে কড়া নজরদারির জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**Minister Tinku Roy :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন, নেশাসক্তদের সঠিক চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে রাজ্য সরকার রাজ্যের প্রতিটি জেলায় একটি করে হাসপাতাল স্থাপন করছে। কৈলাশহরেও ৫০ শয্যার একটি হাসপাতাল নির্মাণের কাজ চলছে। আগামী এক বছরের মধ্যে এই হাসপাতালটি চালু করা হবে। মন্ত্রী শ্রী রায় আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে ও স্কাউটস এন্ড গাইডসের সহযোগিতায় নেশামুক্ত ত্রিপুরা বিষয়ে এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ। কর্মশালা উপলক্ষ্যে এক স্বেচ্ছা রক্তদান শিবিরও অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### NHM :

সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামীকাল জাতীয় পালস পোলিও দিবস উপলক্ষ্যে টিকাকরণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আজ আগরতলায় জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরার অধিকর্তা সাজু ওয়াহিদ জানিয়েছেন, রাজ্যের প্রতিটি এলাকায় অস্থায়ী টিকাকরণ কেন্দ্র, স্কুল, উপ-স্বাস্থ্যকেন্দ্র, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও হাসপাতালগুলিতে টিকাকরণের বিশেষ শিবিরের আয়োজন করা হবে।

এই অভিযানে ৫ বছর বয়স পর্যন্ত প্রায় ৩ লক্ষ ৪০ হাজার ৮৭৪ জন শিশুকে পোলিও টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। যে সমস্ত শিশু ২১শে ডিসেম্বর টিকা নিতে পারবে না, তাদের ২২ ও ২৩শে ডিসেম্বর স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে টিকা দেবেন।

এদিকে, আগামীকাল জাতীয় টিকাকরণ দিবসে খোয়াই জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে চেবরি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে।

উত্তর ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দীপক হালদার আজ সাংবাদিক সম্মেলনে জানান, আগামীকাল উত্তর জেলায় ৪৫ হাজার ৭৭৫ জন শিশুকে টিকাকরণের আওতায় আনা হবে।

\*\*\*\*\*

### **Fishery Festival :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ সারুন্মের মনুবাজারের বসুন্ধরা বন চেতনা কেন্দ্রে দক্ষিণ জেলাভিতিক মৎস্য উৎসবের সূচনা করেন। বক্তব্য রাখেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ।

\*\*\*\*\*

### **SW & SE Minister :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যে এখন পর্যন্ত প্রায় ৪ হাজার চা শ্রমিক পরিবারকে জমির পাট্টা ও প্রায় ৫ হাজার পরিবারকে রেশন কার্ড দেওয়া হয়েছে। আজ চন্ডিপুর ব্লকের সরোজিনী গ্রাম পঞ্চায়েতের হালাইছড়া বাজারে নবনির্মিত কৃষি পণ্য ভান্ডার, ওপেন মার্কেট শেড ও কমিউনিটি হলের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন,

চা বাগান এলাকার মানুষের আত্মসম্মানের সঙ্গে জীবনযাপনের সুযোগ করে দেওয়া বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। এই লক্ষ্য পূরণে সর্বপ্রথম যে বিষয়টির উপর গুরুত্ব দেওয়া হয়েছে তা হলো চা বাগান শ্রমিকদের ভূমির অধিকার নিশ্চিত করা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমেলন্দু দাস, জিলা পরিষদের সদস্য বিমল কর। আজকের অনুষ্ঠানে ২৯ জন চা শ্রমিক পরিবারকে জমির পাট্টা দেওয়া হয়।

মন্ত্রী শ্রী রায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রের প্রদর্শনী হলে কৈলাশহর পুর পরিষদের গত চার বছরে উল্লয়ণমূলক কাজকর্মের উপর একটি পুস্তিকা প্রকাশ করেন। এই অনুষ্ঠানে সমাজসেবামূলক কাজে দৃষ্টান্তমূলক নজির স্থাপনের জন্য কয়েকটি সংস্থা, প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, SDM বিপুল দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Swacch Bharat :**

বিশ্ব শৌচালয় দিবস উপলক্ষে আজ উত্তর ত্রিপুরা জেলাস্তরের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলাশাসক কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে স্বচ্ছ ভারত মিশন-এর অধীন ‘আমাদের শৌচালয় : আমাদের ভবিষ্যৎ’ অভিযানের আওতায় কমিউনিটি শৌচালয়ে স্যানিটেশন, পরিচ্ছন্নতা ও সৌন্দর্যায়নের দৃষ্টান্ত স্থাপন করার জন্য যারা অগ্রণী ভূমিকা নিয়েছে তাদের সম্মানিত করা হয়। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রান সহ জেলার সমস্ত ব্লকের বিডিওরা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

\*\*\*\*\*

### **Jitendra Choudhury :**

ত্রিপুরা রাজ্য মৎস্যজীবী ইউনিয়নের ১১তম রাজ্য সম্মেলন আজ তেলিয়ামুডায় চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত প্রকাশ্য সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী মৎস্যজীবীদের জীবন জীবিকার সুরক্ষা ও ন্যায্য অধিকার আদায়ে গুরুত্ব আরোপ করেন। বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য মৎস্যজীবী সংগঠনের রাজ্য নেতৃত্ব সুধন দাস, রতন ভৌমিক, মনিন্দ্র চন্দ্র দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Congress-Press Meet :**

কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মণ আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বিকশিত ভারত জি রাম জি ২০২৫ আইনের সমালোচনা করেছেন। তিনি অভিযোগ করেন এম জি এন রেগার পরিবর্তে এই আইন কার্যকর হলে শ্রমজীবী মানুষের স্বার্থ ক্ষুণ্ণ হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেসের সহ সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ ও যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা প্রমুখ।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## PM-West Bengal and Assam :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গ সফর শেষে আসামে এসেছেন। তিনি আজ পশ্চিমবঙ্গে প্রায় ৩,২০০ কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন করেছেন। তিনি পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেছেন। আজ কলকাতা থেকে ফোনে নদীয়া জেলার তাহেরপুরে এক পরিবর্তন সংকল্প সভায় ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী অভিযোগ করেছেন যে দুর্নীতি, স্বজনপ্রীতি এবং শাসকগোষ্ঠীর তোষণ রাজ্যের উন্নয়নকে বাধাগ্রস্ত করেছে। তিনি অভিযোগ করেন যে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন দল "অনুপ্রবেশকারীদের চিহ্নিত করা থেকে বাঁচতে" চলমান SIR বিরোধিতা করছে। পরে আজ বিকেলে আসামে গুয়াহাটিতে লোকপ্রিয় গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করেন। তিনি বিমানবন্দরের নতুন টার্মিনালের বাইরে আসামের প্রথম মুখ্যমন্ত্রী গোপীনাথ বরদলইয়ের ৮০ ফুট উঁচু একটি

মূর্তির আবরণ উন্মোচন করেন। নতুন টার্মিনাল ভবনটি আসামের জীববৈচিত্র্য এবং সাংস্কৃতিক ঐতিহ্য থেকে অনুপ্রেরণা নিয়ে নির্মিত হয়েছে, যার ভাবনা "বাঁশের অর্কিড"। গুয়াহাটিতে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন যে গত ১১ বছরে রাজ্যে কয়েক লক্ষ কোটি টাকার বেশ কয়েকটি মেগা এবং ঐতিহাসিক পরিকাঠামো প্রকল্প শুরু এবং সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রী বলেন যে কেন্দ্র অ্যাক্ট ইস্ট নীতির অধীনে আসামকে অগ্রাধিকার দেয় এবং রাজ্যটি বিকশিত ভারতের জন্য একটি ইঞ্জিন হবে। তিনি বলেন, আজ আসামের উন্নয়নে একটি নতুন অধ্যায় যুক্ত হচ্ছে, এবং এটি কেবল আসাম নয়, সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের উদযাপন। শ্রী মোদী বলেন, বিজেপির ডাবল-ইঞ্জিন সরকারের অধীনে আসামে উন্নয়ন অবিরাম প্রবাহিত হচ্ছে, ঠিক যেমন শক্তিশালী ব্রহ্মপুত্র নদীর প্রবাহ।

#####Byte-PM#####

অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেন, লোকপ্রিয় গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন টার্মিনালের উদ্বোধন রাজ্যের উন্নয়নের পথে একটি ঐতিহাসিক পদক্ষেপ। প্রধানমন্ত্রী গুয়াহাটিতে বিজেপি সদর দপ্তরের উদ্যোগে আয়োজিত রোড শোতে অংশ নেন এবং দলীয় কর্মীদের সাথে মত বিনিময় করেন। আগামীকাল, প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্র নদীতে একটি ক্রুজ জাহাজে করে যাত্রাকালে 'পরীক্ষা পে চর্চা' কর্মসূচির অংশ হিসেবে ২৫ জন স্কুল ছাত্রছাত্রীর সঙ্গে মতবিনিময় করবেন। আগামীকাল আসামে প্রধানমন্ত্রীর বেশ কিছু কর্মসূচি রয়েছে।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-

এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

### **G Ram G :**

বিকশিত ভারত G Ram G আইন ২০২৫ নিয়ে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ প্রযোজিত একটি বিশেষ আলোচনা শোনা যাবে। আজ রাত ৯টা বেজে ১৫ মিনিটে আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে এই অনুষ্ঠানটি প্রচারিত হবে।

\*\*\*\*\*

### **Sanatani Hindu Sena :**

বাংলাদেশের রাজধানী ঢাকায় ভারতীয় হাইকমিশন অফিসের সামনে সাম্প্রতিক বিক্ষোভ এবং সেখানকার সংখ্যালঘুদের উপর আক্রমণের প্রতিবাদে আজ আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করে সনাতনী হিন্দু সেনা সমাজ। সংগঠনের পক্ষ থেকে এক প্রতিনিধিদল আগরতলায় নিযুক্ত বাংলাদেশ সহকারী হাইকমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করেন। ভারত ও বাংলাদেশের মধ্যে সুসম্পর্ক বজায় রাখার আহ্বান জানায় সনাতনী হিন্দু সেনা সমাজ।

\*\*\*\*\*

### **CITU :**

সি.আই.টি.ইউ-র রাজ্য কমিটির উদ্যোগে আজ অফিসলেনে গণঅবস্থানের আয়োজন করা হয়। সি.আই.টি.ইউ-র রাজ্য সভাপতি মানিক দে, সম্পাদক শংকর প্রসাদ দত্ত বক্তব্য রাখতে গিয়ে নতুন শ্রমকোডের সমালোচনা করেন। তারা শ্রমিকদের ন্যায্য মজুরি, কাজের নিরাপত্তা ও সামাজিক সুরক্ষা

নিশ্চিত করার জন্য কেন্দ্রীয় সরকারকে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

\*\*\*\*\*

### **Nayi Chetna 4.0 launches-Khowai :**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন আয়োজিত চতুর্থ পর্যায়ের নয়ি চেনা চ্যাম্পিয়ন জেলা স্তরের মহিলা ক্রীড়া প্রতিযোগিতা আজ খোয়াই সরকারি দ্বাদশ বিদ্যালয়ের সিন্থেটিক ফুটবল মাঠে অনুষ্ঠিত হয়। খোয়াই জেলার ছয়টি ব্লকের সমস্ত টি-আর-এল-এম মহিলা ও পুরুষ কর্মীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাপিনেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য।

\*\*\*\*\*

### **Football :**

তিনদিনব্যাপি অমরপুর মহকুমা ভিত্তিক ভবগান বিরসা মুন্ডা আন্তঃ হোস্টেল ফুটবল টুর্নামেন্ট আজ থেকে গোমতি জেলার অমরপুরে শুরু হয়েছে। অমরপুর রাঙামাটি স্কুল মাঠে আয়োজিত এই আসরের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারম্যান বিকাশ সাহা, বি এ সি চেয়ারম্যান রবিত্র জমাতিয়া প্রমুখ।

\*\*\*\*\*

### **Vijay Merchant :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনুর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় ত্রিপুরা ইনিংস ও ২৯ রানে গুজরাটের কাছে পরাজিত হয়েছে। শিমোগার কে এস সি এ নাভুলা মাঠে আজ দ্বিতীয় ইনিংসে রাজ্যদল সবকটি উইকেট হারিয়ে ৮০ রান করে। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসে ২৪১ রানের জবাবে গুজরাট ৬ উইকেটে ৩৫০ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দিয়েছিল।



\*\*\*\*\*

## Weather :

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*